মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

স্মারক সংখ্যা-বিঅ/ ৫৩৫/৪৩৫৪ / তারিখ: ২২/১১/৮৯

প্রেরক:- বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

প্রথম অনুমোদন

প্রাপক:- প্রধান শিক্ষক / শিক্ষিকা,
ছফিরুন নেছা মাধ্যমিক বালিকা বিদ্যালয়
ডাকঘর- নওয়াবেঁকী উপজেলা- শ্যাম নগর
জেলা- সাতক্ষীরা

বিষয়:- প্রথম অনুমোদন।

প্রসংগ সূত্র:- উপ- পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা অঞ্চল/ বরিশাল অঞ্চল এর ২৩/৩/৮৮ তারিখের ৯১৪ নং স্মারক পত্র।

জনাব / জনাবা,

নির্দেশক্রমে উল্লেখিত বিষয় ও প্রসংগে আপনাকে জানান যাইতেছে যে, আপনার দাখিলকৃত ~~যুচলেকার প্রেক্ষিতে ভবিষ্যতে শিক্ষকদের জন্য সরকারী বেতন-অনুদান পাইবেন না বা বেতন-অনুদান দাবী করিতে পারিবে না শর্তে~~ এবং নিম্নবর্নিত শর্তাদি পুরন সাপেক্ষে আপনার বিদ্যালয়কে ১/১/৮৯ হইতে ৩১/১২/৮৯ পর্যন্ত ( এক, ) কেবলমাত্র মানবিক বিভাগ পড়াইবার জন্য পরীক্ষামূলক স্বীকৃতি প্রদান করা হইল। প্রকাশ থাকে যে পূর্বানুমতি ছাড়া বিজ্ঞান, বানিজ্যিক এবং / অথবা ব্যবহারিক অংশ আছে এমন বিষয় পড়াইতে পারিবে না। আপনাকে আরও অবগত করান যাইতেছে যে, বর্তমান স্বীকৃতির মেয়াদ শেষ হইবার পূর্বেই প্রদত্ত শর্ত সমূহ পুরনের রিপোর্ট সহ উপ-পরিচালক সাহেবের সুপারিশ পাওয়া গেলে আপনার বিদ্যালয়ের স্বীকৃতির পরবর্তী নবায়নের বিষয় বিবেচিত হইবে। নিম্নের শর্তাদি পুরণে ব্যর্থ হইলে স্বীকৃতির মেয়াদ নবায়ন করা হইবেনা।

শর্তাবলী

১) বিদ্যালয়ের চারিদিকে প্রচীর নির্মান করিতে হইবে।

২) অনুত পক্ষে ২০,০০০/টাকার আসবাব পত্র তৈরি করিতে হইবে।

৩) সংরক্ষিত পুকুরের চারিদিকে শক্তবেড়া দিতে হইবে এবং পানি তোলার সুব্যবস্থা করিতে হইবে।

৪) বিদ্যালয়ের যাবতীয় সম্পদের ষ্টক রেজিষ্টার আরও সুন্দর ভাবে সংরক্ষন করিতে হইবে।

৫) বিদ্যালয় গৃহকে সম্পুর্ন পাকা ভবনে পরিনত করিতে হইবে।

৬) সাধারন ও সংরক্ষিত তহবিলে যথাক্রমে ১৫০০০/ ও ২৫০০০/টাকায় উন্নীত করিতে হইবে।

৭) বিদ্যালয়ের চারিদিকে ফলবান বৃক্ষ রোপান করিতে হইবে।

৮) শিক্ষকদের ভবিষ্য তহবিল, গ্রাচুইটি ও যৌথ বীমা চালু করিয়া উহার প্রমান্য কাগজ পত্র জমা দিতে হইবে।

৯) প্রতি বৎসর কম পক্ষে ৩ জন করিয়া ছাত্র/ছাত্রী জুনিয়র বৃত্তি পরীক্ষায় অংশ গ্রহন করাইতে হইবে।

আপনার বিশ্বস্ত,

বিদ্যালয় পরিদর্শক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।